

(পৃ: ১৫)



ব্রিতে স্বাধীনতা দিবস উদযাপন

জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা, বর্ণাঢ্য র্যালি, দিনব্যাপী ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সোমবার গাজীপুরে মহান স্বাধীনতা দিবস উদযাপন করেছে। এসব আনুষ্ঠানিকতায় নেতৃত্ব দেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনছার আলী এবং পরিচালক (গবেষণা) ড. তমাল লতা আদিত্য। সব বিভাগীয় প্রধান; উর্ধ্বতন বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী, শ্রমিক, স্কুলের ছাত্রছাত্রীসহ শত শত মানুষ স্বতস্কৃত আনন্দ উচ্ছ্বাসের মাধ্যমে এসব অনুষ্ঠানে যোগ দেন। বিজ্ঞপ্তি